কুষ্টিয়ার সাংবাদিক আবদুর রশীদ চৌধুরীর জন্মদিন উদযাপন

দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার প্রকাশক ও সম্পাদক, কুষ্টিয়া প্রেস ক্লাবের সাবেক সভাপতি, জেলা শিল্পকলা একাডেমির সহ-সভাপতি ও নজরুল একাডেমি কুষ্টিয়া জেলা শাখার সভাপতি কুষ্টিয়ার প্রবীণ সাংবাদিক আবদুর রশীদ চৌধুরীর ৭৫ তম জন্মদিন উদযাপন করা হয়েছে। গতকাল সোমবার সন্ধ্যায় দৈনিক বাংলাদেশ বার্তা পত্রিকার কার্যালয়ে জন্মদিনের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক মোঃ আমিরুল ইসলাম, সহ-সভাপতি আশরাফ উদ্দিন নজু, যুগ্ম সাধারণ সম্পাদক শাহীন সরকার ও শহীদুর রহমান রবি, সাহিত্যিক হাসান টুটুল, বাংলাদেশ টেলিভিশনের কুষ্টিয়া প্রতিনিধি তরিকুল ইসলাম, ক্যামেরাম্যান খাইরুল ইসলাম সম্রাট, ব্যবসায়ী শরীফ জোয়ার্দ্দার, মোহনা টেলিভিশনের ইবি প্রতিনিধি মিলন খন্দকার ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া অফিস প্রধান এসএম জামাল প্রমুখ।

১৯৪৫ সালের ১৬ নভেম্বর তিনি তৎকালীন নদীয়া তথা কুষ্টিয়া জেলা শহরের মজমপুরে জন্মগ্রহণ করেন।

এ অঞ্চলের সাংবাদিকতার অগ্রপথিক আবদুর রশীদ চৌধুরী বৃহত্তর কুষ্টিয়া থেকে প্রথম প্রকাশিত দৈনিক বাংলাদেশ বার্তা, সাপ্তাহিক জাগরণী ও দি বাংলাদেশ রিভিউ পত্রিকার সম্পাদক ও প্রকাশক। এছাড়াও প্রায় ৪ দশকেরও বেশি সময় ধরে ‘দৈনিক সংবাদ’ এর নিজস্ব সংবাদ দাতা ও জেলা বার্তা পরিবেশক, প্রায় চার দশক ধরে তিনি বাংলাদেশ টেলিভিশনের কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করেছেন।

বিশিষ্ট সাংবাদিক, কবি, সাংস্কৃতিক সংগঠক ও সমাজসেবকও তিনি। তিনি দীর্ঘকাল ধরে কবিতা রচনা করে আসছেন। তাঁর কাব্যগ্রন্থ নির্জনে আমি একা; প্রেক্ষিতে মুখর নদী, আয়নায় নিসর্গ রমণ (সম্পাদিত) ও কলকাতা থেকে প্রকাশিত কাব্যগ্রন্থ তোমার মনকে ছোব একদিন’ ‘শীতল বাতাস বহে ধীরে’।

তার সম্পাদিত দৈনিক বাংলাদেশ বার্তা এ অঞ্চলের একটি জনপ্রিয় ও প্রথম দৈনিক। তিনি বাংলাদেশ সম্পাদক পরিষদের সহ-সভাপতি ও বাংলাদেশ আঞ্চলিক সংবাদপত্র পরিষদের নির্বাহী সদস্য।

তিনি বিভিন্ন সমাজ সেবামূলক সংগঠনের সাথে জড়িত। তিনি একজন চিত্রশিল্পী ও এক্ষেত্রে তিনি উচ্চ শিক্ষা গ্রহণ করেন। তিনি ঢাকা আর্ট কলেজ থেকে বিএফ এ ডিগ্রী অর্জন করেন এবং ভারত থেকে ডিপ্লোমা ইন জার্নালিজম লাভ করেন।

তিনি কুষ্টিয়া লায়ন্স ক্লাব জেলা ৩১৫ -এর সভাপতি ছিলেন। তিনি কুষ্টিয়া রাইফেল ক্লাব ও লালন একাডেমির সাবেক সহ-সভাপতি ও কুষ্টিয়া ক্লাবের সাংস্কৃতিক সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। তিনি ঐতিহ্য পরিষদ কুষ্টিয়ার সাধারণ সম্পাদক।

জীবননগরের অর্থনীতিতে খেজুর গাছ আশীর্বাদ

প্রতিটি মাঠের ক্ষেতের আইলে, রাস্তার পাশে, পুকুর পাড়ের অযত্নে, অবহেলায় বেড়ে ওঠা খেজুরের গাছ জীবননগর উপজেলার অর্থনীতিতে আর্শীবাদ।

শীত মৌসুমে রস-গুড় উৎপাদন করে প্রায় ৬ মাস স্বাচ্ছন্দ্যে জীবিকা নির্বাহ করে উপজেলার কয়েক হাজার পরিবার। খেজুরের রস, গুড় ও পাটালি উৎপাদনে প্রসিদ্ধ উপজেলা জীবননগর। দেশের বাইরেও এর বেশ কদর রয়েছে। আসছে শীত, রীতিমত ব্যস্ত হয়ে পড়েছেন গাছিরা। উপজেলার সবখানেই শুরু হয়েছে খেজুর রস সংগ্রহের কর্মযজ্ঞ।

গাছিরা খেজুর গাছের ডাল-পালা পরিষ্কার করাসহ যাবতীয় কাজ চালিয়ে যাচ্ছেন পুরোদমে। দিন দশেক পরেই মিলবে রস, গুড় ও পাটালি। রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রি হয় এ উপজেলার গুড়-পাটালি।

উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবপুর গ্রামের গাছি আজিজ মিয়া জানান, একশ খেজুর গাছ প্রস্তুত করেছেন এবার। এর থেকে রস-গুড়, পাটালি বিক্রি করে প্রায় ৬ মাস সংসার চলে যাবে তার।

একই এলাকার গাছি হযরত আলী জানান, রস সংগ্রহে গাছে ভাঁড় (মাটির

তৈরীর পাত্র) বাঁধার আগে প্রতিদিন ভাঁড়গুলো ধুয়ে নিয়ে আগুন দিয়ে পোড়া দিই। সেই সাথে খেজুরের পাতা দিয়ে ভাঁড় ঢেকে দিই। এভাবে প্রতিদিন রস সংগ্রহ করি। এ ছাড়াও গুড়-পাটালি করার সময় কোন কেমিক্যাল মেশানো হয়না।

জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার বলেন, বাঁদুড়ের মাধ্যমে খেজুর রসে নিপাহ ভাইরাস ছড়ানোর আশংকা থাকে।

এ জন্য গাছিরা যে পাত্রে রস সংগ্রহ করবে সেটা যেন ভাল করে ঢেকে রাখে। যেন বাঁদুড় বা অন্য কোন প্রাণী রস ছুতে না পারে। ভোক্তারা যাতে স্বাস্থ্য সম্মত উপায়ে প্রস্তুত খেজুরের রস-গুড় পেতে পারে এজন্য কাজ করে যাচ্ছে কৃষি বিভাগ।

কোটচাঁদপুরে যুব লীগের আনন্দ মিছিল

ঝিনাইদহ-৩ আসনের সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজ কেন্দ্রীয় যুব লীগের প্রেসিডিয়াম সদস্য হওয়ায় আনন্দ মিছিল করেছেন কোটচাঁদপুর যুব লীগ।

গতকাল সোমবার বিকালে কোটচাঁদপুর পৌর শহরের যুব লীগ কার্যালয় থেকে মিছিলটি বের হয়। শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে দলীয় কার্যালয়ে এসে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয় মিছিলটি।

কোটচাঁদপুর উপজেলা যুবলীগের আহবায়ক মীর মনিরুল আলমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন বলূহর ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আব্দুল মতিন, উপজেলা কৃষক লীগের আহবায়ক শাহাজান আলী,

উপজেলা যুব লীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী, যুগ্ম আহবায়ক আশরাফুল আলম খোকন, আজম বিশ্বাস, যুব লীগ নেতা রবিউল ইসলাম রবি, হামিদুল ইসলাম, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান প্রমুখ।

কালীগঞ্জে দুই সাংবাদিকসহ ৩ জনের বিরুদ্ধে আদালতে অভিযোগ

ঝিনাইদহ থেকে প্রকাশিত বহুল প্রচারিত দৈনিক নবচিত্র পত্রিকার বার্তা প্রধান জেলার সিনিয়র সাংবাদিক আসিফ কাজল এবং দৈনিক যুগান্তরের কালীগঞ্জ প্রতিনিধি শাহরিয়ার রহমান সোহাগসহ তিনজনের নামে ৫০০/৫০১ ধারায় অভিযোগ দিয়েছেন আব্দুস সালাম ও আজির উদ্দীন নামে ব্যাংকের দুই কর্মচারী। এই দুই কর্মচারী সম্প্রতি টাকা চুরির দায়ে সাময়িক বরখাস্ত হয়েছেন।

অভিযোগপত্রে প্রধান আসামি করা হয়েছে কালীগঞ্জ অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপক মোঃ নাজমুস সাদাতকে। সোমবার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আমলী কালীগঞ্জ আদালতের বিচারকের আদালতে সাময়িক বরখাস্তকৃত আব্দুস সালাম ও আজির উদ্দীন পৃথক ভাবে অভিযোগ দুইটি দায়ের করেন। আদালত অভিযোগটি তদন্ত করে ২০২১ সালের ২১ জানুয়ারী কালীগঞ্জ থানার ওসিকে প্রতিবেদন দাখিলের নিদের্শ দিয়েছেন।

বাদী আব্দুস সালাম ও আজির উদ্দীন পৃথক অভিযোগপত্রে উল্লেখ করেছেন, প্রধান আসামি তার অধীনস্ত কর্মকর্তা কর্মচারীদের সঙ্গে খারাপ আচরণ করেন। প্রতিবাদ করায় দুই মামলার বাদীর সঙ্গে প্রধান আসামি ব্যাংক ম্যানেজারের মত বিরোধ হয়।

এরপর ১ নং আসামি অপর আসামিদের সঙ্গে ষড়যন্ত্র করে ব্যাংকের কর্মচারী প্রবিধানমালা-২০০৮ বিধি উপেক্ষা করে বাদী ও তার পরিবারের ভাবমূর্তি নষ্টের জন্য অপপ্রচারের অংশ হিসেবে গত ২৭ ও ২৮ অক্টোবর “কালীগঞ্জ অগ্রণী ব্যংকের দুই কোটি টাকা আত্মসাৎ ম্যানেজারসহ দুই কর্মকর্তা বরখাস্ত” শিরোনামে সংবাদ প্রকাশ করেন। এতে ১০ লাখ টাকা করে দুই বাদীর নাকি ২০ লাখ টাকা সম্মানহানী ঘটেছে বলে দাবী করা হয়।

এদিকে অগ্রণী ব্যাংক ঝিনাইদহ জোনাল অফিস থেকে তথ্য নিয়ে জানা গেছে, মামলা দায়েরকারী কালীগঞ্জ অগ্রণী ব্যাংকের দুই কর্মচারী আব্দুস সালাম ও আজির উদ্দীন ব্যাংক থেকে ভুয়া কৃষক সাজিয়ে লাখ লাখ টাকা লুট করেছেন। তদন্ত শুরুর আগে ও পরে তারা বিভিন্ন সময় ২৫

লাখ টাকা জমাও দিয়েছেন। প্রথমিক ভাবে সত্যতা প্রমাণিত হওয়ায় তাদের সাময়িক বরখাস্ত করা হয়। ঝিনাইদহ জোনাল অফিস ও ঢাকা অফিসের তদন্ত চলমান রয়েছে।

কালীগঞ্জ অগ্রণী ব্যাংকের ম্যানেজার নাজমুস সাদাত জানান, প্রতিদিন সাময়িক বরখাস্তুকৃদদের বিরুদ্ধে নতুন নতুন অসঙ্গতি ও দুর্নীতির তথ্য পাচ্ছে তদন্ত দল।

এদিকে দুই সাংবাদিকের নামে মিথ্যা ও হয়রানিমূলক অভিযোগ দাখিল করায় সারা জেলায় কর্মরত সাংবাদিকদের মধ্যে প্রতিবাদের ঝড় উঠেছে। ঝিনাইদহ, কালীগঞ্জ, শৈলকুপা, হরিণাকুন্ডু, মহেশপুর ও কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিক, প্রেস ক্লাব ও রিপোর্টার ইউনিটের সদস্যরা এই মিথ্যা এবং হয়রানিমূলক অভিযোগ অনতিবিলম্বে প্রত্যাহারের আহবান জানিয়েছেন। নইলে তারা কঠোর আন্দোলনের হুশিয়ারী দিয়েছেন।

গাংনীর বামন্দীতে মার্সেল কোম্পানির ফ্রিজ উপহার পেল ক্রেতা

গাংনীর বামন্দী তাজ ইলেকট্রনিক্স মার্সেল কোম্পানির এক্সক্লুসিভ শোরুম থেকে একটি মাত্র ফ্রিজ কিনে ই্ক্যাশ কার্ড ঘষাতেই উপহার হিসেবে ক্রেতা পেল আরো একটি ফ্রিজ উপহার।

সোমবার বিকেলে গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের সুজন আলীর হাতে একটি ফ্রিজ উপহার হিসেবে তুলে দেয়া হয়।

এ সময় মার্সেল কোম্পানির এরিয়া ম্যানেজার মোঃ মহিবুল্লাহ, বামন্দী বাজার এর মার্সেল কোম্পানির এক্সক্লুসিভ শোরুম তাজ ইলেকট্রনিক্স এর স্বত্ত্বাধিকারী, জিয়াদুল ইসলাম লিজন সহ স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

তাজ ইলেকট্রনিক্স এর সত্ত্বাধিকারী জিয়াদুল ইসলাম লিটন জানান

কোম্পানির ডিজিটাল ক্যাম্পেইন সিজন এইট এর আওতায় মার্সেল কোম্পানির বিভিন্ন প্রোডাক্ট ক্রয়ে পুরস্কৃত করা হচ্ছে ভাগ্যবান ক্রেতাদের।

গতবছর কল্যাণপুর গ্রামের রেক্সোনা খাতুন একটি মার্সেল কোম্পানির ফ্রিজ কিনে উপহার পান একটি প্রাইভেটকার।

ঝিনাইদহে পুলিশকে ফাঁসাতে আসামির হাসপাতালে ভর্তি

পুলিশকে ফাঁসাতে অসুস্থতার ভাণধরে হাসপাতালে ভর্তি হলেন আবদুল জোয়ারর্দার নামের এক আসামি। ঘটনাটি ঘটেছে সদর উপজেলার দোগাছি ইউনিয়নের দোগাছি গ্রামে।

খোঁজ নিয়ে জানা যায়, নারিকেলবাড়িয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই বদিউর রহমানকে ফাঁসাতে এমন নাটক সাজানো হয়। সে ঝিনাইদহ সদর উপজেলার বেড়পাড়া গ্রামের মৃত খেলাফৎ জোয়ারদারের ছেলে।

পুলিশ জানায়, ২০১৯ সালের গ্রাম্য মারামারি মামলার আসামি ছিলেন আবদুল। আদালতে হাজিরা না দেওয়ায় তার নামে গ্রেফতারি পরোয়ানা জারি করে আদালত। সে মোতাবেক দোগাছি এলাকা থেকে সোমবার (১০ নভেম্বর) বিকেলে তাকে গ্রেফতার করা হয়।

পরে সন্ধ্যায় আসামিকে নিয়ে সদর থানায় আসার পথে আব্দুল অসুস্থতাবোধ করলে তাকে সাথে সাথে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। সুযোগ সন্ধানী আবদুল পুলিশকে ফাঁসাতে অসুস্থতার নাটক সাজায়।

নারিকেলবাড়িয়া পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই বদিউর রহমান বলেন, ওয়ারেন্টভুক্ত আসামি আবদুলকে গ্রেফতারের পর সে আমার সাথে খারাপ আচরণ করে এবং চড়াও হয়। একপর্যায়ে পালানোর চেষ্টা করে। আমি তখন তাকে আইনানুযায়ী প্রথমে ক্যাম্পে নিয়ে আসি।

এ সময় এলাকার কতিপয় দালাল শ্রেণীর মানুষ তাকে ছেড়ে দেওয়ার জন্য

তদবির করে। তদবিরে ব্যর্থ হয়ে পুলিশের ভাবমূর্তি ক্ষুন্ন করতেই এই অসুস্থতার নাটক সাজানো হয়।

আসামি আবদুল মারধরের অভিযোগ এনে আমার বিরুদ্ধে বিভিন্ন জায়গায় বিষয়টি চাউর করে আলোড়ন সৃষ্টির চেষ্টা করে। তিনি আরও বলেন আমি সরকারি দায়িত্ব পালনের পাশপাশি এলাকার সার্বিক আইনশৃঙ্খলা রক্ষায় কাজ করে যাচ্ছি।

করোনা মোকাবেলায় স্বর্ণপদক পেলেন ঝিনাইদহের চেয়ারম্যান

করোনা মোকাবেলায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরুপ বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরামের পক্ষ থেকে স্বর্ণপদক পেলেন ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান পারভেজ মাসুদ লিলটন। তিনি ইউনিয়নের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান।

অফিস সূত্রে জানা যায়, দেশে করোনাকালীন সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নসহ বিভিন্ন স্থানে স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ববজায় রাখতে মাস্ক ব্যবহার করাসহ করোনা মোকাবেলায় বিশেষ ভূমিকা পালন করেছেন।

এছাড়াও কারোনাকালীন সরকারী অনুদানের পাশাপশি অসহায় কর্মহীন খেটে খাওয়া মানুষকে নিজ উদ্যোগে আর্থিক সহযোগিতা প্রদানসহ বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করেছেন।

জীবনের ঝুকি নিয়ে রাত দিন জনগণের কল্যাণে কাজও করেছেন তিনি। এরই স্বীকৃতি স্বরুপ বাংলাদেশ ইউনিয়ন পরিষদ ফোরামের পক্ষ থেকে সম্প্রতি তাকে স্বর্ণপদক প্রদান করা হয়েছে।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে যশোরের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের তৃতীয় ম্যাচে জীবন নগর একাদশের বিপক্ষে ২-০ গোলের ব্যবধানে জয় পেয়েছে যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম। খেলায় একটি গোল করেন যশোর বসুন্দিয়া আবাহনী ফুটবল একাদশের ০৭ নম্বর জার্সি পরিহিত খেলোয়াড় মোঃ নাজমুল ইসলাম।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন ও সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগ নেতা মোঃ মশিউর রহমান।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

মেহেরপুরে নতুন করে আরও ২ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। তারা দুই জনই গাংনী উপজেলার বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২৩ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ২১ জনের। আর পজেটিভ আসে ২ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৭৬৮ টি, সর্বমোট পজিটিভ ৬৯৩ জন, সুস্থ ৬০১ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২২ (সদরে-১৪, গাংনীতে- ৫ ও মুজিবনগরে- ৩) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- গাংনী উপজেলার ধানখোলা গ্রামের শাপলা খাতুন(২৩) ও গাংনী হাসপাতালের গোলাম সরোয়ার(৩৫)।

সাবেক ডেপুটি স্পিকার শওকত আলী আর নেই

আগরতলা ষড়যন্ত্র মামলার অন্যতম অভিযুক্ত, নবম জাতীয় সংসদের ডেপুটি স্পিকার কর্নেল (অব.) শওকত আলী আর নেই।

সোমবার সকাল সাড়ে ৯টায় ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) মৃত্যুবরণ করেন তিনি।

সংসদ সচিবালয়ের গণসংযোগ শাখার পরিচালক মো. তারিক মাহমুদ বিষয়টি নিশ্চিত করেছেন।

কিডনি, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপসহ বার্ধক্যজনিত সমস্যায় তিনি ভুগছিলেন বলে জানা গেছে। ২৯ অক্টোবর তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছিল।

সাবেক ডেপুটি স্পিকার কর্নেল শওকত আলী শরীয়তপুর-২ আসন থেকে ৫ পাঁচবার জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। ব্যক্তিজীবনে তিনি দুই ছেলে ও এক কন্যার জনক।

পাকিস্তান আমলে ১৯৬৯ সালে বঙ্গবন্ধুর বিরুদ্ধে যে আগরতলা ষড়যন্ত্র মামলা করা হয়েছিল, তাতে শওকত আলীকেও আসামি করা হয়। তিনি মুক্তিসংহতি পরিষদের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং ৭১ ফাউন্ডেশনের প্রধান উপদেষ্টা।

আজ বাদ মাগরিব তাঁর নামাজে জানাযা বায়তুল মোকাররম মসজিদে অনুষ্ঠিত হবে। এর আগে বিকাল সাড়ে ৩টায় শ্রদ্ধা নিবেদনের জন্য তার মরদেহ জাতীয় শহীদ মিনারে রাখা হবে। আগামীকাল (মঙ্গলবার) সকাল

১০টায় সশস্ত্র বাহিনীর হেলিকপ্টারে মরদেহ শরীয়তপুর জেলার নড়িয়ায় নেয়া হবে।

সর্বস্তরের মানুষের শ্রদ্ধা নিবেদনের জন্য নড়িয়া শহীদ মিনারে রাখা হবে মরদেহ। বাদ জোহর নড়িয়া বি এল উচ্চ বিদ্যালয়ে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে চিরনিদ্রায় শায়িত হবেন বীর মুক্তিযোদ্ধা কর্নেল (অবঃ) শওকত আলী।